চ্যান্সেলরের প্রবিধান

শ্রেণি:	**সুনীতি**	জারি: ৫/১১/১২	নম্বর:	**D-125**
বিষয়:	সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন; সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস; সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার; এবং ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল এর ভোটাধিকারী সদস্য এবং প্রার্থীদের জন্য সুনীতি সংহিতা		পৃষ্ঠা:	1 of 1

সংক্ষিপ্তসার

এটি একটি নতুন প্রবিধান।

সারাংশ

এটি হচ্ছে সুনীতি সংহিতা (এথিক্স কোড) যা সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন, সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস, সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার এবং ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিলসহ অন্যান্য সিটিওয়াইড কাউন্সিলের ভোটাধিকারী পদপ্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য। এই সুনীতি সংহিতা কোন কাউন্সিলের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়, যার মধ্যে কম্যুনিটি এডুকেশন কাউন্সিলগুলোর কর্মচারীরাও রয়েছেন, কেননা এসব কর্মী সদস্য নিয়ন্ত্রিত হন অধিকতর নিষেধাত্মক নিউ ইয়র্ক সিটি স্বার্থের সংঘাত আইন (কনফ্লিক্টস অভ ইন্টারেস্ট ল) দ্বারা, যা ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য। কাউন্সিল কর্মচারীদেরকে চ্যান্সেলরের সকল প্রবিধান অবশ্যই পালন করতে হবে, যার অন্তর্গত তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয়, স্বার্থের সংঘাত প্রবিধান (কনফ্লিক্টস অভ ইন্টারেস্ট রেগ্যুলেশন), C-110। কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের ভোটাধিকারী সদস্যরাও নিউ ইয়র্ক সিটি স্বার্থের সংঘাত প্রবিধান(কনফ্লিক্টস অভ ইন্টারেস্ট রেগ্যুলেশন), চ্যান্সেলরের প্রবিধান C-110 এবং অন্যান্য প্রযোজ্য চ্যান্সেলরের প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হন।

I. সুনীতি সংহিতা – সিটিওয়াইড কাউন্সিলসমূহ এবং ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিলের ভোটাধিকারী সদস্যগণ

এই প্রবিধানে এমন নির্দেশাবলি রয়েছে যা সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন ("সিসিএসই"); সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস ("সিসিএইচএস"); সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার ("সিসিইএলএল"); এবং ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল ("ডি ৭৫") এর ভোটাধিকারী সদস্যদের, সম্মিলিতভাবে "সিটিওয়াইড কাউন্সিল সদস্য" হিসাবে উল্লিখিত, অবশ্যই মান্য করতে হবে, যা অবিলম্বে কার্যকরী হবে। বিশেষ পরিস্থিতিতে, সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ চ্যান্সেলর কিংবা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট থেকে এই প্রবিধানের শর্তাবলি থেকে নিষ্কৃতি লাভ করতে পারেন।

A. সিটিওয়াইড কাউন্সিল সদস্যরা তাদের কাউন্সিলের সঙ্গে ব্যবসারত কিংবা ব্যবসার জন্য সমঝোতারত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যবসা প্রতিষ্ঠানের নিকট থেকে আর্থিক মূল্য আছে এরকম কোন উপহার বা অন্যান্য সামগ্রী গ্রহণ করতে পারবেন না।

B. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ ডিপার্টমেন্ট অভ এডুকেশন[1] ("ডিওই") এর সঙ্গে ব্যবসা করার জন্য সমঝোতারত, অথবা আগে থেকেই ডিওইর সঙ্গে ব্যবসারত এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, সংগঠন, অথবা ব্যবসার জন্য কাজ করতে পারবেন না, যদি তাদের কাজের কারণে তাদেরকে ডিওইর সঙ্গে যোগাযোগ করতে এবং/অথবা ডিওই বরাবর হাজির হতে হয়, যদি না তারা এই তথ্য প্রকাশ করেন, লিখিতভাবে, ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট ("ফেস") এবং ডিওই এথিক্স অফিসারের নিকট, এবং পদ গ্রহণ করা বা বজায় রাখার জন্য ডিওইর এথিক্স অফিসার থেকে লিখিত অনুমতি লাভ না করেন। এছাড়া, সিটিওয়াইড কাউন্সিল সদস্যরা উক্ত প্রতিষ্ঠান, সংগঠন বা ব্যবসা সম্পর্কিত কোন কাউন্সিল আলোচনায় অংশগ্রহণ করতে বা ভোট দিতে পারবেন না।

C. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ ডিওইর সঙ্গে ব্যবসা করার জন্য সমঝোতারত অথবা আগে থেকেই ব্যবসা করে এমন প্রতিষ্ঠান, সংগঠন অথবা ব্যবসার মালিক কিংবা পরিচালক হতে পারবেন না, যদি না তারা এই তথ্য প্রকাশ করেন, লিখিতভাবে, ফেস এবং ডিওই এথিক্স অফিসারের নিকট, এবং পদ গ্রহণ করা বা বজায় রাখার জন্য ডিওইর এথিক্স অফিসার থেকে লিখিত অনুমতি লাভ না করেন। এছাড়া, সিটিওয়াইড কাউন্সিল সদস্যরা উক্ত প্রতিষ্ঠান, সংগঠন বা ব্যবসা সম্পর্কিত কোন কাউন্সিল আলোচনায় অংশগ্রহণ করতে বা ভোট দিতে পারবেন না।

D. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ ডিওইর সঙ্গে ব্যবসা করার জন্য সমঝোতারত অথবা আগে থেকেই ব্যবসা করে এমন সংগঠনের কর্মকর্তা, পদে স্বেচ্ছাশ্রম দিতে পারবেন না, এবং তাদের স্বেচ্ছাশ্রম পদে ডিওইর সঙ্গে যোগাযোগ করতে এবং/অথবা ডিওইর সামনে হাজির হতে পারবেন না, যদি না তারা এই তথ্য প্রকাশ করেন, লিখিতভাবে, ফেস এবং ডিওই এথিক্স অফিসারের নিকট, এবং পদ গ্রহণ করা বা বজায় রাখার জন্য ডিওইর এথিক্স অফিসার থেকে লিখিত অনুমতি লাভ না করেন। এছাড়া, সিটিওয়াইড কাউন্সিল সদস্যরা উক্ত সংগঠন সম্পর্কিত কোন কাউন্সিল আলোচনায় অংশগ্রহণ করতে বা ভোট দিতে পারবেন না।

E. বি, সি, এবং ডি অনুচ্ছেদে আলোচিত কর্মকাণ্ডে সিটিওয়াইড কাউন্সিল সদস্যদের অংশগ্রহণের অনুমতি শুধু তখনই দেয়া হবে যদি চ্যান্সেলর অথবা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণ করেন যে কর্মকাণ্ডগুলো সিটিওয়াইড কাউন্সিল সদস্যদের কর্তব্যের সঙ্গে সাংঘর্ষিক নয়, এবং কর্মকাণ্ডগুলো সিটিওয়াইড কাউন্সিলের উদ্দেশ্য ও স্বার্থের সঙ্গে সাংঘর্ষিক নয়।

F. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ তাদের কাউন্সিল পদ ব্যবহার করবেন না বা ব্যবহার করার চেষ্টা করবেন না, অথবা কাউন্সিল সদস্য হিসাবে কোন ব্যবস্থাগ্রহণ করবেন না, যা তাদেরকে, একজন "নিকট আত্মীয়"কে, আর্থিক বা অন্য কোনভাবে লাভবান করবে, যেমনটি সংজ্ঞায়িত আছে চ্যান্সেলরের প্রবিধান C-110, সেকশন IV(C)(2),[2] একটি ব্যবসা যেটির তারা সত্বাধিকারী বা যার জন্য কাজ করেন, একটি সংগঠন যেখানে কর্মকর্তার দায়িত্বপালন করেন, অথবা যেকোন ব্যক্তি যার সঙ্গে তাদের আর্থিক সম্পর্ক রয়েছে।

G. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ নিজেদের, নিকট আত্মীয়ের, তাদের মালিকানার কোন ব্যবসা বা যেটির জন্য তারা কাজ করে, কোন সংগঠন যেটিতে তারা কর্মকর্তা হিসাবে দায়িত্বপালন করে, অথবা অন্য কেউ যার সঙ্গে তাদের আর্থিক সম্পর্ক রয়েছে তার আর্থিক বা অন্য ্ন ধরনের লাভের জন্য নিজেদের কাউন্সিল পদবী ব্যবহার করতে পারবেন না।

H. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ কাউন্সিলের জন্য নয় এমন উদ্দেশ্যে কাউন্সিলের গোপন তথ্য ব্যবহার অথবা কোন ব্যক্তিবিশেষ, প্রতিষ্ঠান বা

---

[1] ডিওইর সঙ্গে ব্যবসা করার সংজ্ঞা হচ্ছে: ডিওইর সঙ্গে কোন সামগ্রী, পরিসেবা, অথবা সম্পত্তি, কোন লাইসেন্স, পারমিট, মঞ্জুরি অথবা সুবিধা, বিক্রয়, ক্রয়, ভাড়া, বিলিব্যবস্থা, অথবা বিনিময়, এবং উল্লিখিত যেকোন বিষয় সম্পর্কিত কর্মসম্পাদনা অথবা মামলা-মকদ্দমাসহ যেকোন ধরনের লেনদেন কিন্তু তা কাউন্সিল সদস্যের বাড়ি অথবা পদ সংক্রান্ত বিষয়ের লেনেদেনের মধ্যে অন্তর্ভুক্ত হবে না।

[2] "নিকট আত্মীয়" বলতে পিতা/মাতা, স্বামী/স্ত্রী, নিবন্ধিত গার্হস্থ্য অংশীদার, সন্তান, ভাই, বোন, ফুপু-খালা-চাচি-মামি, চাচা-মামা-ফুপা-খালু, ভাতিজি-ভাগ্নি, ভাতিজা-ভাগিনা, দাদাদাদি-নানানানি, নাতি-নাতনি, অথবা তাদের স্বামী/স্ত্রী কিংবা সন্তান অথবা কর্মচারীর স্বামী/স্ত্রী কিংবা নিবন্ধিত গার্হস্থ্য অংশীদারের সঙ্গে এই সম্পর্কে আবদ্ধ ব্যক্তিকে বোঝাবে।

সংগঠনের নিকট প্রকাশ করতে পারবেন না।

I. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ ডিওই অথবা কাউন্সিল সহায়সঙ্গতি কাউন্সিলের জন্য নয় এমন উদ্দেশ্যে ব্যবহার করতে পারবেন না।

J. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ কোন রাজনৈতিক প্রার্থী, রাজনৈতিক প্রচারাভিযান অথবা রাজনৈতিক দলকে সুবিধা দেয়ার জন্য তাদের কাউন্সিল পদ বা পদবী ব্যবহার করতে পারবেন না। আরও দ্রষ্টব্য রাজনৈতিক কর্মকাণ্ড সম্পর্কিত চ্যান্সেলরের প্রবিধান D-130।

K. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ, শুধু তাদের নিজেদের সন্তানদের পক্ষালম্বনের ক্ষেত্র ব্যতীত, ডিওইর স্বার্থ পরিপন্থী কোন মামলা বা প্রশাসনিক শুনানিতে আইনজীবী কিংবা ব্যক্তিস্বার্থের পক্ষালম্বনকারী কিংবা বিশেষজ্ঞ হিসাবে দায়িত্বপালন করতে পারবেন না।

L. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ এরূপ কোন ব্যবসা, লেনদেন, রাজনৈতিক অথবা পেশাগত কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হতে পারবেন না যা তাদের কর্তব্য যথাযথভাবে পালনে অন্তরায় সৃষ্টি করে।

M. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ তাদের কাউন্সিলের সঙ্গে বর্তমানে কর্মরত কোন প্রতিষ্ঠান বা সংগঠনের সঙ্গে কোন সম্ভাব্য আগামী কর্মসংস্থান প্রসঙ্গে আলোচনা করতে পারবেন না যদি না তারা কাউন্সিল প্রেসিডেন্ট এবং ডিওই এথিক্স অফিসারকে লিখিতভাবে অবহিত করেন যে তারা সমঝোতা চলাকালে কাউন্সিল সদস্য হিসাবে দায়িত্বপালন হেতু উক্ত প্রতিষ্ঠান অথবা সংগঠনের সঙ্গে সকল সম্পর্ক স্থগিত করছেন।

N. সিটিওয়াইড কাউন্সিল সদস্যগণ তাদের সমগ্র কার্যকাল মেয়াদে, যেমনটি উল্লেখ করা হয়েছে এখানে, নিজেদের চাকুরি এবং অন্যান্য কর্মকাণ্ড সম্পর্কে হালনাগাদ তথ্য প্রদানের লক্ষ্যে যথাযথ ডিওই কর্মকর্তার সঙ্গে অব্যাহত যোগাযোগ রক্ষা করার জন্য দায়বদ্ধ।

O. এই সংহিতার বরখেলাপ ডিওই এথিক্স অফিসারকে অবহিত করার বিষয়ে সকল সিটিওয়াইড কাউন্সিল সদস্যর ইতিবাচক দায় রয়েছে। কোন কাউন্সিল সদস্য যিনি এই প্রবিধান বা অপর কোন প্রযোজ্য প্রবিধানের কোন শর্ত ভঙ্গ করেন তিনি তাৎক্ষণিকভাবে ফেস কর্তৃক অপসারিত হবেন।

P. ফেস কর্তৃক অপসারিত কাউন্সিল সদস্য চ্যান্সেলর বা তার স্থলাভিষিক্ত ব্যক্তির নিকট অপসারণের বিরুদ্ধে আপিল করতে পারেন।

II. সিটিওয়াইড কাউন্সিলসমূহের জন্য পদপ্রার্থী

A. চ্যান্সেলর অথবা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পদপ্রার্থীদেরকে তাদের ডিওই বহির্ভূত কর্মকাণ্ডের কারণে স্বার্থের সংঘাতের ভিত্তিতে কোন সিটিওয়াইড কাউন্সিলের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা, নিযুক্তি, অথবা কোন সিটিওয়াইড কাউন্সিলে দায়িত্বপালনের অযোগ্য বিবেচনা করতে পারেন। পদপ্রার্থীরা সিটিওয়াইড কাউন্সিলগুলোয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা, নিযুক্তি অথবা দায়িত্বপালনের অযোগ্য বিবেচিত হবেন যদি চ্যান্সেলর কিংবা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণ করেন যে কর্মকাণ্ডগুলো সিটিওয়াইড কাউন্সিলের উদ্দেশ্য অথবা স্বার্থের পরিপন্থী।

B. চ্যান্সেলর কিংবা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এই প্রবিধান বরখেলাপের কারণে পদপ্রার্থীদেরকে কোন সিটিওয়াইড কাউন্সিলের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা, নিযুক্তি, অথবা কোন সিটিওয়াইড কাউন্সিলে দায়িত্বপালনের অযোগ্য বিবেচনা করতে পারেন।

C. চ্যান্সেলর কিংবা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, বিশেষ পরিস্থিতিতে, সিটিওয়াইড কাউন্সিলগুলোর জন্য প্রার্থীদেরকে নিষ্কৃতি মঞ্জুর করতে পারেন।

III. ব্যত্যয়

বিশেষ পরিস্থিতিতে, সিটিওয়াইড কাউন্সিল সদস্য এবং পদপ্রার্থীগন চ্যান্সেলর অথবা চ্যান্সেলরেরর নিযুক্ত ব্যক্তির কাছ থেকে এই প্রবিধানের বিধানমুক্ত হতে পারেন।

IV. চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি

এই প্রবিধানের প্রয়োজনে, ডিওই এথিক্স অফিসার হচ্ছেন চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি।

V. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কিত অনুসন্ধান নিচের ঠিকানা বরাবর করতে হবে:

ফোন:		ফ্যাক্স:
212-374-3438	*Ethics Officer* *Office of Ethics and Conflicts of Interest* N.Y.C. Department of Education 52 Chambers Street – Room 308 New York, NY 10007	212-374-5596